



## বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : bgguidesho@gmail.com

ফোন : ৪৮৩১৫৫০১, ৪৮৩১৫৫৯২



পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২৩-(১০)

তারিখ : ১২/০৩/২০২৩

বরাবর  
চীফ রিপোর্টার

### প্রেস রিলিজ

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার পদে ২য় বারের মত কাজী জেবুন্নেছা বেগম তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বিকে বিপুল ভোটে হারিয়ে জয় লাভ করে নির্বাচিত হয়েছেন। তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবের দায়িত্বে রয়েছেন। কোষাধ্যক্ষ পদে ২য় বার নির্বাচিত হয়েছেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অবসরপ্রাপ্ত যুগ্ম সচিব জাহান আরা বেগম।

৯ হতে ১১ মার্চ, ২০২৩ পর্যন্ত বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়, ঢাকায় ৪৪ তম জাতীয় পরিষদ অধিবেশন ও নির্বাচন অনুষ্ঠিত হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রাক্তন মূখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), (অবঃ) সিনিয়র সচিব ও বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন উপদেষ্টা, জনাব জুয়েনা আজিজকে নির্বাচন কমিটির চেয়ারম্যান করে ৬ সদস্যের নির্বাচন কমিটি গঠন করা হয়। এই কমিটি সুষ্ঠু নির্বাচন পরিচালনা করেন।

এর আগে ১০ মার্চ, ২০২৩ ৪৪ তম জাতীয় পরিষদ অধিবেশনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব হাবিবুর রহমান, মহাপরিচালক, (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন।

এসোসিয়েশনের জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্য, কমিশনার, সাব কমিটির সদস্য, সকল অঞ্চল হতে আগত কাউন্সিলরবৃন্দ, গাইডার, রেঞ্জার, যুবানেত্রী ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩৫০জন কাউন্সিলর অধিবেশনে যোগদান করেন।

১১ মার্চ, ২০২৩ কাউন্সিলে অংশগ্রহণকারী কাউন্সিলরগণ তাদের মূল্যবান ভোটের মাধ্যমে ৩ বছরের জন্য জাতীয় কমিশনার ও কোষাধ্যক্ষসহ জাতীয় কার্যনির্বাহী কমিটির ২৪ জন সদস্যকে নির্বাচিত করেন।

সাবিনা বেগম

জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা